Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 26 May, 2025

চট্টগ্রাম জেলা প্রশাসক ফরিদা খানম বলেছেন, ‘যুবকদের ঘুমিয়ে স্বপ্ন না দেখে জেগে স্বপ্ন দেখতে হবে।নিজেকে প্রতিষ্ঠিত করতে হলে দক্ষ ও পরিশ্রমী করে গড়ে তুলতে হবে’।সোমবার (২৬ মে) বেলা সাড়ে ১২ টায় বারইয়ারহাটের যুব কর্ণার-২ এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে তিনি বিল গেটসসহ বিভিন্ন উদ্যোক্তার উদাহরণ টেনে বক্তব্যের মাধ্যমে যুবকদের উৎসাহিত করেন।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শাহ আলমের সঞ্চালনায় ও মিরসরাই উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহফুজা জেরিনের সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক আবুল বশর প্রমুখ।

উদ্বোধন শেষে তিনি ৬টি যুব কর্ণার ঘুরে দেখেন।যুব কর্ণারগুলোতে অর্গানিক ও উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রি করা হবে।

এদিকে বেলা ২টায় জেলা প্রশাসক মিরসরাই অডিটোরিয়ামে ‘মিরসরাই সমৃদ্ধির অগ্রযাত্রায়’ বইয়ের মোড়ক উন্মোচনের পাশাপাশি হুইল চেয়ার, সেলাই মেশিন ও ক্রীড়া সামগ্রী বিতরণ করেন।এছাড়া মিরসরাই সদরে নির্মিত পুলিশ বক্স ও যাত্রী ছাউনির উদ্বোধন করেন।

‘মিরসরাই সমৃদ্ধির অগ্রযাত্রায়’ বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে জেলা প্রশাসক ফরিদা খানম উপজেলা নির্বাহী কর্মকর্তার মাহফুজা জেরিনের ভূয়সী প্রশংসা করে বলেন, আপনারা আমার একজন কর্মকর্তার নামে এমন প্রশংসা করছেন দেখে খুবই ভালো লাগছে। মাহফুজা জেরিন

খুবই ভালো ও দক্ষ উপজেলা নির্বাহী কর্মকর্তা।কিন্তু আগামী ২৮ মে সে পদোন্নতী পেয়ে বদলি হয়ে যাচ্ছে দেখে খুবই খারাপ লাগছে। তবে চট্টগ্রামের কোন উপজেলা নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পেলে দ্রুত ব্যবস্থা নেয়া হবে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মেহের আফরোজ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অমিত মোদকের সঞ্চালনায় বই এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহফুজা জেরিন, লেখক ও গবেষক মোহাম্মদ কামাল উদ্দিন।

স্বপ্ন জেলা প্রশাসক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:11

URL: https://www.timestodaybd.com/chittagong/7999322978